এনসিপির সমাবেশে জোরপূর্বক শিক্ষার্থী উপস্থিতি: বিন্দুবাসিনীতে বিক্ষোভ ও মানববন্ধন



সংগৃহীত ছবি

টাঙ্গাইলে এনসিপির (জাতীয় নাগরিক পার্টি) এক সমাবেশে শিক্ষার্থীদের জোর করে ক্লাস থেকে বের করে আনার অভিযোগে প্রতিবাদ জানিয়ে বিক্ষোভ মিছিল ও মানববন্ধন করেছে শিক্ষার্থীরা।

বুধবার (৩০ জুলাই) দুপুরে টাঙ্গাইলের ঐতিহ্যবাহী বিন্দুবাসিনী সরকারি বালক উচ্চ বিদ্যালয়ের সামনে থেকে শিক্ষার্থীরা একটি বিক্ষোভ মিছিল বের করে। মিছিলটি শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে টাঙ্গাইল প্রেসক্লাবের সামনে গিয়ে মানববন্ধনে পরিণত হয়।

বিক্ষোভকারীরা অভিযোগ করেন, "টাঙ্গাইলের ইতিহাসে আমাদের স্কুলের শিক্ষার্থীরা ক্লাস বাদ দিয়ে কখনো কোনো রাজনৈতিক কর্মসূচিতে অংশ নেয়নি। অথচ গতকাল (সোমবার) শহরের নিরালা মোড়ে এনসিপির পথসভায় জোর করে আমাদের ক্লাস থেকে বের করে নিয়ে যাওয়া হয়েছে। শিক্ষকরা বাধা দিতে গেলে তাদেরকেও লাঞ্ছিত করা হয়েছে।"

ঘটনার পর থেকেই সামাজিক যোগাযোগমাধ্যমে ব্যাপক প্রতিক্রিয়া দেখা দিয়েছে। শিক্ষার্থীরা বলেন, "আমাদের দাবি—এ ঘটনায় জড়িত এনসিপি নেতাদের প্রকাশ্যে দুঃখ প্রকাশ ও ক্ষমা চাইতে হবে।"

মানববন্ধনে বিন্দুবাসিনী বালক উচ্চ বিদ্যালয়ের বর্তমান ও প্রাক্তন শিক্ষার্থীরা অংশ নেন। তাঁরা শিক্ষা প্রতিষ্ঠানের ভাবমূর্তি রক্ষায় প্রশাসনের হস্তক্ষেপও দাবি করেন।